এইচএসসি ২০২৬ ফাইনাল সাজেশন

বিষয়: হিসাববিজ্ঞান ২য় পত্র

বিষয়বস্তু: বহুনির্বাচনী প্রশ্ন

বহুনির্বাচনী প্রশ্ন

উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও

রাতুল লি.-এর বিজ্ঞাপন হিসাবের উদ্বৃত্ত ছিল ৮০,০০০ টাকা, বিনামূল্যে পণ্য বিতরণ ছিল ২০,০০০ টাকা যা হিসাবভুক্ত হয়নি। বিজ্ঞাপন ৫ বছরে অবলোপন করতে হবে।

১. বিনামূল্যে পণ্য বিতরণ করলে-
i. ক্রয় হ্রাস পায়
ii. বিজ্ঞাপন খরচ বৃদ্ধি পায়
iii. বিজ্ঞাপন খরচ হ্রাস পায়
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

২. কোম্পানির বিলম্বিত বিজ্ঞাপন কত?

(ক) ৪৮,০০০ টাকা (খ) ৬৪,০০০ টাকা
(গ) ৬৬,৬৬৭ টাকা **(ঘ) ৮০,০০০ টাকা**

৩. মজুদ মূল্যায়নের বিজ্ঞানসম্মত পদ্ধতি হলো-
i. বিন কার্ড
ii. মাল খতিয়ান
iii. অবিরত মজুদ তালিকা
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

৪. কোনটি প্রত্যক্ষ খরচ বহির্ভূত?

(ক) রপ্তানি শুল্ক (খ) ডকচার্জ
(গ) শুল্ক (ঘ) বহন খরচ

৫. দীর্ঘমেয়াদি দায় ও মালিকানা তহবিলের সমষ্টি হলো-

(ক) বিনিয়োজিত তহবিল (খ) মূলধন তহবিল
(গ) বহির্দায়ের তহবিল (ঘ) দীর্ঘমেয়াদি তহবিল

৬. চলতি অনুপাত ৩: ১ হলে এবং চলতি দায়ের পরিমাণ ১৩,৫০০ টাকা হলে, চলতি মূলধনের পরিমাণ কত টাকা?

(ক) ২৭,০০০ টাকা (খ) ৪০,৫০০ টাকা
(গ) ৫০,৫০০ টাকা (ঘ) ৬০,৫০০ টাকা

৭. নিট চলতি সম্পত্তি দ্বারা একটি কোম্পানির যাচায় করা যাবে-

(ক) তারল্য (খ) সচ্ছলতা
(গ) মুনাফা অর্জন (ঘ) দক্ষতা

৮. বিক্রয়ের ওপর ৪০% মুনাফার অর্থ কী?

(ক) মোট ব্যয়ের ওপর ৬০%
(খ) মোট ব্যয়ের ওপর ৬৬.৬৭%
(গ) উৎপাদন ব্যয়ের ওপর ২০%
(ঘ) উৎপাদন ব্যয়ের ওপর ৩২%

৯. বাংলাদেশে বহাল অংশীদারি আইনের কত ধারায় ব্যবসায়ের সংজ্ঞা দেওয়া হয়েছে?

(ক) ২ ধারা **(খ) ৪ ধারা**
(গ) ৩ ধারা (ঘ) ৫ ধারা

১০. চুক্তিতে কোনো উল্লেখ না থাকলে অংশীদারি ব্যবসায়ে অংশীদার কর্তৃক প্রদত্ত মূলধনের ওপর কত হারে সুদ ধরা হবে?

(ক) ৫% (খ) ৬%
(গ) ৭% **(ঘ) ০%**

১১. মর্জিনা, শাহী ও লিটন যথাক্রমে ৩,০০০, ২,০০০ ও ১,৫০০ টাকা নিয়ে একটি অংশীদারি ব্যবসায় শুরু করে এবং একটি লিখিত চুক্তিও করে। প্রথম বছরেই তারা সক্রিয়ভাবে অংশ নিয়ে মোট ৪৫,০০০ টাকা লাভকরে। এমতাবস্থায় মর্জিনা কত টাকা লাভ পাবে?

(ক) ২০,০০০ টাকা **(খ) ১৫,০০০ টাকা**
(গ) ১২,০০০ টাকা (ঘ) ১০,০০০ টাকা

স্যাট একাডেমি

১২. করিম ও খলিল রাফি এন্টারপ্রাইজের অংশীদার। তাদের বণ্টন অনুপাত ৫: ৩। তারা এক ষষ্ঠাংশ অনুপাতে লাভ-লোকসান দেওয়ার শর্তে গয়েশকে নতুন অংশীদার গ্রহণ করেন। নতুন লাভ-লোকসান অনুপাত কত?

● ক ২৫ : ১৫ : ৮ খ ২৫ : ১৫ : ৬
গ ৫ : ৩ : ৬ ঘ ২৫ : ৮ : ১৫

১৩. রনি, বনি ও টনি কারবারের মুনাফা ৫ : ৩ : ২ অনুপাতে বণ্টন করে নেয়। রনি, বনিকে এই মর্মে নিশ্চিয়তা দেয় যে, সে মুনাফা বাবদ কারবার থেকে ৩০,০০০ টাকার কম পাবে না। বছরে কারবারের মুনাফা ১,২০,০০০ টাকা হলে বনির মুনাফা কত?

ক ৩০,০০০ টাকা ● খ ৩৬,০০০ টাকা
গ ৪০,০০০ টাকা ঘ ৫০,০০০ টাকা

১৪. ভ্রমণ খরচ ১,০০০ টাকা, আইন খরচ ২,৫০০ টাকা, আসবাবপত্রের অবচয় ২০০ টাকা, বিজ্ঞাপন ৪,০০০ টাকা, অনাদায়ী পাওনা ৫০০ টাকা। ছাপা ও মনিহারি ৪,০০০ টাকা হলে বিক্রয় ও বিতরণ উপরিব্যয় কত টাকা হবে?

ক ৬,০০০ টাকা খ ৬,৫০০ টাকা
● গ ৫,৫০০ টাকা ঘ ৪,৫০০ টাকা

১৫. চলতি দায়ের অন্তর্ভুক্ত বিষয় হলো-
i. অগ্রিম প্রাপ্ত আয়
ii. দাবিহীন লভ্যাংশ
iii. ব্যাংক জমাতিরিক্ত
নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ● ঘ i ii ও iii

১৬. জীবনযাত্রার ব্যয় বৃদ্ধি পেলে কর্মচারীকে কোন ভাতাটি প্রদান করা হয়?

ক বিশেষ ভাতা ● খ মহার্ঘ ভাতা
গ ভ্রমণ ভাতা ঘ আয়কর

১৭. কোনটি কারখানা উপরিব্যয়?

ক ভাড়া খ আসবাবপত্রের অবচয়
● গ যন্ত্রপাতির অবচয় ঘ ডাক

১৮. কোম্পানির মূলধনের পরিমাণ উল্লেখ থাকে কোথায়?

ক বিবরণপত্রে ● খ পরিমেলবন্ধে
গ সংঘ বিধিতে ঘ পরিমেল নিয়মাবলিতে

১৯. বিক্রীত পণ্যের ব্যয় ২০,০০০ টাকা এবং মার্ক-আপ ২০% হলে বিক্রয়ের পরিমাণ কত?

ক ২০,০০০ ● খ ২৪,০০০
গ ১৬,০০০ ঘ ৩০,০০০

২০. 'FOB - Destination' শর্তে ভাড়া পরিশোধ করে কে?

● ক বিক্রেতা খ প্রতিনিধি
গ পাওনাদার ঘ ক্রেতা

২১. সাজিদ লি.-এর ৫০ টাকা মূল্যমানের ২০০টি শেয়ার ক্রয় করলেন। তার দায় মোট কত টাকা পর্যন্ত সীমাবদ্ধ?

ক ৫০ ● খ ১০,০০০
গ ২০০ ঘ ১,০০০

২২. কোম্পানি যখন নিজের শেয়ার নিজে ক্রয় করে তখন তাকে কী বলে?

● ক ট্রেজারি স্টক খ জেনারেল স্টক
গ খণ্ডন স্টক ঘ কমন স্টক

২৩. শেয়ার ক্রেতাগণ কোম্পানির-
i. মূলধন দাতা
ii. মালিক
iii. ঋণদাতা
নিচের কোনটি সঠিক?

ক ii খ i ও iii
● গ i ও ii ঘ i ii ও iii

২৪. বোনাস শেয়ার ইস্যু করা হয়-
i. নগদ লভ্যাংশের পরিবর্তে
ii. বর্তমান শেয়ার মালিকগণকে
iii. নতুন শেয়ার মালিকগণকে
নিচের কোনটি সঠিক?

● ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i ii ও iii

২৫. প্রারম্ভিক কাঁচামাল মজুদ ৭২,০০০ টাকা; কাঁচামাল ক্রয় ২,২০,০০০ টাকা; সমাপনী কাঁচামাল ৩০,০০০ টাকা; কাঁচামাল ফেরত ২,০০০ টাকা; প্রত্যক্ষ মজুরি ১,৮০,০০০ টাকা এবং পরোক্ষ মজুরি ৩০,০০০ টাকা। কারবারের মুখ্য ব্যয় কত টাকা?

● ক ৪,৪০,০০০ টাকা খ ৪,৬০,০০০ টাকা
গ ৪,৭০,০০০ টাকা ঘ ৪,৯০,০০০ টাকা

স্যাট একাডেমি

২৬. 'কামাল' ও 'জামাল' একটি অংশীদারি ফার্মের অংশীদার, যারা মুনাফা ৩ : ২ অনুপাতে ভাগ করে। ১ জানুয়ারি, ২০১৮ তারিখে মূলধনের জের ছিল যথাক্রমে ১,২০,০০০ টাকা ও ৮০,০০০ টাকা। চুক্তি অনুযায়ী প্রারম্ভিক মূলধনের ওপর ১০% হারে সুদ প্রদান করা হয় এবং জামালকে মাসে ২,০০০ টাকা বেতন প্রদান করা হয়। ৩১ ডিসেম্বর ২০১৮ তারিখে জামাল-এর মূলধনের জের দাঁড়িয়েছে ১,৭২,০০০ টাকায়। ২০১৮ সালের নিট মুনাফার পরিমাণ টাকায় কত ছিল?

ক) ১,৫০,০০০ খ) ১,৭০,০০০
গ) ১,৭২,০০০ ঘ) ১,৯৪,০০০

২৭. বাজারমূল্য হ্রাস অবস্থায় বা পণ্যের দাম কমে গেলে কোন পদ্ধতি অধিকতর কার্যকরী?

ক) ভারযুক্ত গড় খ) FIFO
গ) LIFO ঘ) সরল গড়

২৮. একটি কোম্পানির নিট মুনাফা ১৬,৬০০ টাকা; ৮% অগ্রাধিকার শেয়ারের সংখ্যা ২০,০০০টি প্রতিটি ১ টাকা করে। ৫০,০০০ সাধারণ শেয়ার প্রতিটি ১ টাকার। ৫,০০০ টাকা সাধারণ সঞ্চিতি তহবিলে স্থানান্তর করা হলো। বাকি অর্থ সাধারণ শেয়ারহোল্ডারদের মধ্যে লভ্যাংশ বণ্টন করা হলে, লভ্যাংশের হার হবে-

ক) ১০% খ) ২০%
গ) ২৫% ঘ) ৪০%

২৯. অবিরাম মজুদ পণ্য পদ্ধতিতে একটি বিক্রয়কারী কোম্পানিতে নিচের কোন হিসাব থাকে?

ক) ক্রয় খ) বিক্রীত পণ্যের ব্যয়
গ) ক্রয় পরিবহন ঘ) প্রারম্ভিক মজুদ পণ্য

৩০. রেওয়ামিলে ভাড়া ($\frac{৩}{৪}$ অংশ) প্রদান ৬০,০০০ টাকা বলা থাকলে, ভাড়া বাবদ মোট কত টাকা দেখাতে হবে?

ক) ৪৫,০০০ টাকা খ) ৭৫,০০০ টাকা
গ) ৮০,০০০ টাকা ঘ) ১,০৫,০০০ টাকা

৩১. সংরক্ষিত আয় বিবরণীতে বাদ দিতে হবে-
i. আয়কর প্রদান
ii. নতুন আয়কর সঞ্চিতিতে স্থানান্তর
iii. অন্তর্বর্তীকালীন লভ্যাংশ
নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i ii ও iii

৩২. জামিল লি.-এর গড় প্রাপ্য হিসাব ৭৫,০০০ টাকা। প্রাপ্য হিসাব আবর্তন অনুপাত ৪ বার। নগদ বিক্রয় ৫০,০০০ টাকা হলে মোট বিক্রয় কত?

ক) ১,২৫,০০০ টাকা খ) ২,৭৫,০০০ টাকা
গ) ৩,০০,০০০ টাকা ঘ) ৩,৫০,০০০ টাকা

৩৩. আর্থিক বিবরণী বিশ্লেষণের হাতিয়ার হলো-
i. অনুপাত বিশ্লেষণ
ii. উলম্ব বিশ্লেষণ
iii. সমান্তরাল বিশ্লেষণ
নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i ii ও iii

৩৪. আর্থিক বছরের শুরুতে একটি কোম্পানির শেয়ার মালিকানা স্বত্ব ছিল ৭,২০,০০০ টাকা ও দায় ছিল ৬,০০,০০০ টাকা। উক্ত বছরে সম্পত্তি বেড়েছে ৪,২০,০০০ টাকা এবং দায় বেড়েছে ১,৮০,০০০ টাকা। উক্ত বছরে নতুন করে ১,২০,০০০ টাকার শেয়ার ইস্যু করা হয় ও ১,০০,০০০ টাকা লভ্যাংশ বিতরণ করা হয়। উক্ত হিসাবকালে কত টাকা মুনাফা অর্জিত হয়েছে?

ক) ৯,৬০,০০০ খ) ৭,২০,০০০
গ) ২,৪০,০০০ ঘ) ২,২০,০০০

৩৫. অন্য সব কিছু অপরিবর্তিত থাকলে, নিচের কোন লেনদেনটি চলতি অনুপাতে কোনো প্রভাব ফেলবে না-

ক) দীর্ঘমেয়াদি ঋণ দিয়ে চলতি দায় পরিশোধ
খ) প্রাপ্য হিসাব হতে নগদ আদায়
গ) প্রদেয় হিসাবকে নগদ প্রদান
ঘ) নগদে স্থায়ী সম্পত্তি বিক্রয়

৩৬. জীবনযাত্রার ব্যয় বৃদ্ধি পেলে কর্মচারীকে কোন ভাতাটি প্রদান করা হয়?

ক) বিশেষ ভাতা খ) মহার্ঘ ভাতা
গ) ভ্রমণ ভাতা ঘ) জীবনযাত্রা ভাতা

৩৭. অংশীদারি কারবারের ব্যক্তিগত হিসাবগুলো হলো-
i. লাভ-লোকসান আবণ্টন হিসাব
ii. মূলধন হিসাব
iii. উত্তোলন হিসাব
নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i ii ও iii

৩৮. বিন কার্ড ব্যবহারের ফলে-
i. অপচয় ও ক্ষতি রোধ করা যায়
ii. ইস্যুর পরিমাণ জানা যায়
iii. মালের সর্বোচ্চ পরিমাণ জানা যায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii
খ ii ও iii
গ i ও iii
ঘ i ii ও iii

৩৯. মি. জেমস সাপ্তাহিক ৫৬ ঘণ্টায় ১,১২০ টাকা মজুরি প্রাপ্য হন। তিনি এক সপ্তাহে ৮০ ঘণ্টা কাজ করেন। ওভারটাইম মজুরির হার স্বাভাবিক মজুরি হারের দেড় গুণ। ওভারটাইম মজুরি কত?
ক ২০০ টাকা
খ ৪৮০ টাকা
গ ৭২০ টাকা
ঘ ৯৬০ টাকা

৪০. রনি কোম্পানি ১০% হারে ২,০০,০০০ টাকার ঋণ; ১২% হারে ৪,০০,০০০ টাকার অগ্রাধিকারযুক্ত শেয়ার এবং প্রতিটি ১০ টাকা মূল্যের ১,০০,০০০ সাধারণ শেয়ার রয়েছে। যদি কোম্পানির করপরবর্তী নিট মুনাফা ৩,০০,০০০ টাকা হয়, তবে সাধারণ শেয়ারহোল্ডারগণ সর্বোচ্চ কত টাকা লভ্যাংশ পেতে পারে?
ক ৩,০০,০০০ টাকা
খ ২,৮০,০০০ টাকা
গ ২,৫২,০০০ টাকা
ঘ ২,৩২,০০০ টাকা

৪১. বোনাস শেয়ার ইস্যু করলে কোম্পানির-
i. শেয়ার সংখ্যা বেড়ে যায়
ii. নগদ তহবিল বেড়ে যায়
iii. সঞ্চিতি তহবিল কমে যায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i ii ও iii

৪২. বিক্রীত পণ্যের ক্রয়মূল্য ৩২,০০০ টাকা এবং বিক্রয় মূল্যের ওপর ২০% হারে লাভ হয়ে থাকলে বিক্রয় মূল্য কত?
ক ২৫,৬০০ টাকা
খ ৩৮,৪০০ টাকা
গ ৪০,০০০ টাকা
ঘ ৪২,৩২০ টাকা

৪৩. কোম্পানি যে পরিমাণ মূলধন সংগ্রহের উদ্দেশ্যে শেয়ার বিক্রির আহ্বান জানিয়ে বিবরণী পত্র প্রচার করে তাকে বলা হয়-
i. নামমাত্র মূলধন
ii. ইস্যুকৃত মূলধন
iii. বিলিযোগ্য মূলধন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i ii ও iii

৪৪. একটি উৎপাদনকারী প্রতিষ্ঠানে উৎপাদনের প্রমাণ সময় প্রতি একক ১২ মিনিট এবং স্বাভাবিক মজুরির হার ঘণ্টা প্রতি ৩০ টাকা হলে, একক প্রতি মজুরির হার কত?
ক ২.৫ টাকা
খ ৪ টাকা
গ ৬ টাকা
ঘ ১০ টাকা

৪৫. অংশীদারি কারবারের চুক্তিপত্রে উত্তোলনের ওপর। সুদের হার দেওয়া না থাকলে শতকরা কত হারে সুদ নির্ণয় করতে হয়?
ক ০%
খ ৬%
গ ৭.৫%
ঘ ১০%

স্যাট একাডেমি

৪৬. হিসাববিজ্ঞানের কোন নীতি অনুযায়ী আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করা হয়?
ক হিসাবকাল ধারণা
খ আর্থিক মূল্যের একক ধারণা
গ চলমান প্রতিষ্ঠান ধারণা
ঘ ঐতিহাসিক মূল্য ধারণা

৪৭. 'Stock Split' এর উদ্দেশ্য কী?
ক মূলধন বৃদ্ধি
খ মালিকানা স্বত্ব বৃদ্ধি
গ সম্পদ বৃদ্ধি
ঘ বিনিয়োগ যোগ্যতা বৃদ্ধি

৪৮. A ও B-এর লাভ-ক্ষতি বণ্টনের হার ২:৩। তারা C কে $\frac{২}{৫}$ অংশ লাভ-ক্ষতি প্রদানের শর্তে নতুন অংশীদার হিসেবে গ্রহণ করলো। A ও B-এর ত্যাগ অনুপাত কত?
ক ১ : ৫
খ ২ : ৩
গ ৩ : ২
ঘ ২ : ১

৪৯. ঘোষিত লভ্যাংশ কিসের ওপর ভিত্তি করে নির্ণয় করা হয়?
ক অনুমোদিত মূলধন
খ আদায়কৃত মূলধন
গ সংরক্ষিত মূলধন
ঘ ইস্যুকৃত মূলধন

৫০. উৎপাদন প্রক্রিয়া অব্যাহত রাখার জন্য যে পরিমাণ মাল সর্বদা মজুদ রাখা আবশ্যক তাকে কী বলে?

(ক) গড় মজুদ (খ) সর্বোচ্চ সীমা
(গ) সর্বনিম্ন সীমা **(ঘ)** নিরাপত্তা মজুদ

৫১. উপার্জন বহির্ভূত দফা কোনটি?

(ক) বোনাস (খ) চার্জ ভাতা
(গ) আয়কর (ঘ) সিটি ভাতা

৫২. সর্বশেষ ক্রয়ের দরে ইস্যুকৃত মালের মূল্য নির্ধারণ করা হয় কোন পদ্ধতিতে?

(ক) সরল গড় পদ্ধতি
(খ) শেষে আসলে আগে যায় পদ্ধতি
(গ) ভারযুক্ত গড় পদ্ধতি
(ঘ) আগে আসলে আগে যায় পদ্ধতি

৫৩. আসবাবপত্রের প্রারম্ভিক উদ্বৃত্ত ৪০,০০০ টাকা। বছরের মাঝামাঝি ৪,০০০ টাকা পুস্তক মূল্যের আসবাবপত্র ৩,০০০ টাকায় বিক্রয় করা হয়। ১০% হারে বছর শেষে আসবাবপত্রের অবচয় কত?

(ক) ৩,৬০০ টাকা **(খ)** ৩,৮০০ টাকা
(গ) ৪,০০০ টাকা (ঘ) ৪,২০০ টাকা

৫৪. মূল্য হ্রাসের ধারা অব্যাহত থাকলে কোন পদ্ধতিতে মজুদ পণ্যের মূল্যায়ন করা যৌক্তিক?

(ক) FIFO (খ) LIFO
(গ) সাধারণ গড় পদ্ধতি (ঘ) ভারযুক্ত গড় পদ্ধতি

৫৫. কোন ধরনের শেয়ারের মূল্য নির্দিষ্ট সময় শেষে ফেরতযোগ্য?

(ক) বোনাস শেয়ার (খ) সাধারণ শেয়ার
(গ) রাইট শেয়ার **(ঘ)** অগ্রাধিকার শেয়ার

৫৬. সমাপনী মজুদ পণ্য বৃদ্ধির ফলে-

i. নিট ক্রয় বৃদ্ধি পায়
ii. মোট মুনাফা বৃদ্ধি পায়
iii. বিক্রীত পণ্যের ব্যয় হ্রাস পায়

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

৫৭. নিচের কোনটি তরল সম্পত্তির অন্তর্ভুক্ত?

(ক) হাতে নগদ (খ) অগ্রিম বেতন
(গ) বিনিয়োগ (ঘ) মজুদ পণ্য

৫৮. নিট বিক্রয় ৪২,০০০ টাকা, মোট মুনাফা ১০,৫০০ টাকা, পরিচালন ব্যয় ৪,১০০ টাকা, অপরিচালন আয় ২,০০০ টাকা হলে নিট লাভের হার কত?

(ক) ১৫% **(খ)** ২০%
(গ) ২৫% (ঘ) ৩০%

৫৯. একজন শ্রমিকের জন্য কোনটি অনার্থিক সুবিধা?

(ক) বাড়ি ভাড়া (খ) মূল বেতন
(গ) শিক্ষার সুযোগ (ঘ) চিকিৎসা ভাতা

৬০. অংশীদারি কারবারের বিলোপ ঘটে-

i. কোনো অংশীদারের মৃত্যু হলে
ii. কোনো অংশীদার দেউলিয়া হলে
iii. কোনো অংশীদার পাগল হলে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii **(ঘ)** i ii ও iii

৬১. কার্যকরী মূলধন অনুপাত কারবারের কী যাচাই করার জন্য নির্ণয় করা হয়?

(ক) তারল্যতা (খ) সচ্ছলতা
(গ) মুনাফা অর্জন (ঘ) দক্ষতা যাচাই

৬২. রাইট শেয়ার কাদের মধ্যে ইস্যু করা হয়?

(ক) নতুন শেয়ার আবেদনকারীদের
(খ) ঋণপত্রের মালিকদের
(গ) বিদ্যমান সাধারণ শেয়ার মালিকদের
(ঘ) বিদ্যমান অগ্রাধিকার শেয়ার মালিকদের

৬৩. সাপ্লাইজের প্রারম্ভিক মজুদ ২,০০০ টাকা, সাপ্লাইজ ক্রয় ১০,০০০ টাকা, সাপ্লাইজের সমাপনী মজুদ ৪,০০০ টাকা। ব্যবহারযোগ্য সাপ্লাইজের পরিমাণ কত?

(ক) ২,০০০ টাকা (খ) ৪,০০০ টাকা
(গ) ৮,০০০ টাকা **(ঘ)** ১২,০০০ টাকা

৬৪. প্রারম্ভিক মজুদ ১৫,০০০ টাকা, সমাপনী মজুদ ২০,০০০ টাকা, বিক্রীত পণ্যের ব্যয় ৮০,০০০ টাকা। ক্রয়ের পরিমাণ কত?

(ক) ১,০০,০০০ টাকা (খ) ৯৫,০০০ টাকা
(গ) ৮৫,০০০ টাকা (ঘ) ৭৫,০০০ টাকা

৬৫. একটি প্রতিষ্ঠানের চলতি সম্পদ ৬৩,০০০ টাকা, চলতি অনুপাত ৫: ২। চলতি দায়ের পরিমাণ কত?

(ক) ১,৫৭,৫০০ টাকা (খ) ৩১,৫০০ টাকা
(গ) ২৫,২০০ টাকা (ঘ) ১৮,০০০ টাকা

৬৬. লভ্যাংশ হিসাবে নগদ টাকার পরিবর্তে যে শেয়ার ইস্যু করা হয় তাকে কী বলে?

ক বোনাস শেয়ার
খ রাইট শেয়ার
গ সাধারণ শেয়ার
ঘ অগ্রাধিকার শেয়ার

৬৭. শেয়ারের অভিহিত মূল্য ও বিক্রয়মূল্যের পার্থক্যকে বলা হয়-

i. শেয়ার অধিহার
ii. শেয়ার অবহার
iii. শেয়ার ইস্যু খরচ
নিচের কোনটি সঠিক?

ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i ii ও iii

৬৮. ব্যবস্থাপকীয় দক্ষতা যাচাই অনুপাত কোনটি?

ক চলতি অনুপাত
খ মোট লাভ অনুপাত
গ দায়-মালিকানা অনুপাত
ঘ মজুদ আবর্তন অনুপাত

৬৯. স্থির খরচযুক্ত তহবিল কোনটি?

ক সাধারণ শেয়ার মূলধন
খ সাধারণ সঞ্চিতি
গ প্রতিপূরক তহবিল
ঘ অগ্রাধিকার শেয়ার মূলধন

৭০. শেয়ারহোল্ডাররা তাদের শেয়ার অনুপাতে কোম্পানি হতে কী পায়?

ক শেয়ার
খ লভ্যাংশ
গ মুনাফা
ঘ সুদ

৭১. কোম্পানির নামের শেষে কেন লি. শব্দ ব্যবহৃত হয়?

ক পরিচালকদের দায়িত্ব সীমিত
খ কোম্পানির মূলধন সীমিত
গ শেয়ার হোল্ডারদের দায় সীমিত
ঘ কোম্পানির সময়সীমা সীমিত

৭২. ব্যাংক চার্জ বিশদ আয় বিবরণীতে-

ক পরিচালন আয়
খ পরিচালন ব্যয়
গ অন্যান্য আয়
ঘ অন্যান্য ব্যয়

৭৩. কোনটি দীর্ঘমেয়াদি দায়?

ক প্রদেয় হিসাব
খ ব্যাংক ঋণ
গ দাবিহীন লভ্যাংশ
ঘ প্রস্তাবিত লভ্যাংশ

৭৪. কোনটি অস্পর্শনীয় স্থায়ী সম্পদ?

i. ট্রেডমার্ক
ii. শেয়ার অবহার
iii. সুনাম
নিচের কোনটি সঠিক?

ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i ii ও iii

৭৫. সঞ্চিতি তহবিল হ্রাস আর্থিক বিরণীতে কী প্রভাব ফেলবে?

ক পরিচালন ব্যয় হ্রাস পাবে
খ সংরক্ষিত আয় বৃদ্ধি পাবে
গ নিট মুনাফা বৃদ্ধি পাবে
ঘ চলতি দায় হ্রাস পাবে

৭৬. আয়কর সঞ্চিতি কোম্পানির-

ক পরিচালন ব্যয়
খ কোম্পানির ক্ষতি
গ চলতি দায়
ঘ অন্যান্য ব্যয়

৭৭. চলতি সম্পদ - চলতি দায় ?

ক চলতি মূলধন
খ বিনিয়োজিত মূলধন
গ প্রারম্ভিক মূলধন
ঘ সমাপনী মূলধন

৭৮. কোম্পানির অবস্থানরত শেয়ারহোল্ডারদের মধ্যে বণ্টন করা হয়-

i. সাধারণ শেয়ার
ii. বোনাস শেয়ার
iii. রাইট শেয়ার
নিচের কোনটি সঠিক?

ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i ii ও iii

৭৯. শেয়ার ইস্যু করা হয়-

i. শেয়ার প্রিমিয়ামে
ii. শেয়ার অবহারে
iii. তালিকা মূল্যে
নিচের কোনটি সঠিক?

ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i ii ও iii

৮০. অংশীদারি ব্যবসায়ে চুক্তির অবর্তমানে কোন আইনটি অনুসরণ করা হয়?

ক ১৯১৩
খ ১৯৩২
গ ১৯৪৭
ঘ ১৯৯৪

৮১. অংশীদারি ব্যবসায়ের হিসাবরক্ষণে কয়টি পদ্ধতি রয়েছে?

ক ২
খ ৩
গ ৪
ঘ ৫

৮২. 'অগ্রিম খরচ' অংশীদারি ব্যবসায়ের কোন হিসাবে দেখানো হয়?

ক লাভ-ক্ষতি হিসাব
খ মূলধন হিসাব
গ ঋণ হিসাব
ঘ চলতি হিসাব

৮৩. বিনিয়োজিত মূলধন নির্ণয়ে অন্তর্ভুক্ত হবে—

i. শেয়ার মূলধন
ii. সাধারণ সঞ্চিতি
iii. ঋণপত্র

নিচের কোনটি সঠিক?

ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i ii ও iii

৮৪. দায়-মালিকানা অনুপাত-

ক চলতি দায়/মোট সম্পদ
খ মোট দায়/মোট সম্পদ
গ বহিঃদায়/মালিকানা তহবিল
ঘ চলতি দায়/মালিকানা তহবিল

৮৫. অনুপাত বিশ্লেষণের মাধ্যমে ব্যবসায়ের কী যাচাই করা হয়-

i. দক্ষতা
ii. সচ্ছলতা
iii. লাভজনকতা

নিচের কোনটি সঠিক?

ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i ii ও iii

৮৬. তারল্যতা ও মুনাফা যোগ্যতার মধ্যকার সম্পর্ক কীরূপ?

ক ধনাত্মক
খ ঋণাত্মক
গ সমান
ঘ শূন্য

৮৭. পরিচালন মুনাফা অনুপাতের আদর্শমান কত?

ক ৫%-১০%
খ ১০%-১৫%
গ ১৫%-১৮%
ঘ ২০%-৩০%

৮৮. বাংলাদেশের শেয়ার বাজার নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান কোনটি?

ক FASB
খ BSEC
গ DSE
ঘ CSE

৮৯. প্রারম্ভিক মজুদ ২০,০০০ টাকা, সমাপনী মজুদ ৩০,০০০ টাকা, বিক্রয় ৫,০০,০০০ টাকা, মুনাফা ক্রয়মূল্যের ২৫%। বিক্রয়যোগ্য পণ্যের মূল্য কত?

ক ৩,৭৫,০০০ টাকা
খ ৩,৯০,০০০ টাকা
গ ৪,০০,০০০ টাকা
ঘ ৪,৩০,০০০ টাকা

৯০. প্রত্যক্ষ মাল, প্রত্যক্ষ মজুরি এবং প্রত্যক্ষ খরচের সমষ্টিকে কী বলা হয়?

ক মুখ্য ব্যয়
খ উৎপাদন ব্যয়
গ কারখানা ব্যয়
ঘ রূপান্তর ব্যয়

৯১. নিচের কোনটি মজুদ পণ্যের অন্তর্ভুক্ত নয়?

ক বিক্রীত পণ্য
খ ক্রয়কৃত পণ্য
গ চালানি কারবারে প্রেরিত পণ্য
ঘ অসমাপ্ত পণ্য

৯২. পণ্যের দাম ক্রমাগত হ্রাস পেতে থাকলে কোন মজুদ পদ্ধতি সর্বাধিক বিবেচ্য?

ক সরল গড় পদ্ধতি
খ ভারযুক্ত গড় পদ্ধতি
গ FIFO পদ্ধতি
ঘ LIFO পদ্ধতি

৯৩. বিনকার্ড কোথায় সংরক্ষণ করা হয়?

ক হিসাবরক্ষকের নিকট
খ ব্যবস্থাপকের নিকট
গ গুদামে
ঘ শোরুমে

৯৪. কোন কোম্পানি অবহারে শেয়ার ইস্যু করলে অবহারের পরিমাণ আর্থিক অবস্থার বিবরণীতে কোন হিসাবখাতকে প্রভাবিত করবে?

ক স্থায়ী সম্পদ
খ ভুয়া সম্পদ
গ মালিকানা স্বত্ব
ঘ দীর্ঘমেয়াদি দায়

৯৫. জিদান লি.-এর বিজ্ঞাপন বাবদ ব্যয় ৫ বছরের ২০২৩ সালের খরচ ১,২০,০০০ টাকা। বছর শেষে আর্থিক অবস্থার বিবরণীতে বিলম্বিত বিজ্ঞাপন বাবদ কত টাকা দেখাতে হবে-

ক ২০,০০০
খ ২৪,০০০
গ ৬০,০০০
ঘ ৯৬,০০০

৯৬. অলীক সম্পত্তি হলো-

i. অবলেখন দস্তুরি
ii. প্রাথমিক খরচ
iii. সুনাম

নিচের কোনটি সঠিক?

ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i ii ও iii

স্যাট একাডেমি

৯৭. অদাবিকৃত লভ্যাংশ প্রতিষ্ঠানের জন্য কী?

ⓚ সম্পদ ⓚ আয়
● দায় ⓖ ব্যয়

৯৮. অন্তঃদায় কোনটি?

(ক) ঋণপত্র ● সঞ্চিতি তহবিল
(গ) প্রদেয় হিসাব (ঘ) ব্যাংক জমাতিরিক্ত

৯৯. অংশীদারদের চলতি হিসাবের মধ্যে অন্তর্ভুক্ত থাকে-
i. মূলধনের সুদ
ii. মুনাফার অংশ
iii. অতিরিক্ত মূলধন
নিচের কোনটি সঠিক?

● i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

১০০. একটি অংশীদারি ফার্মের কমিশন চার্জ করার পূর্বের নিট মুনাফা ১,১০,০০০ টাকা। কমিশন চার্জ করার পরবর্তী নিট মুনাফার ১০% কমিশন হলে। কমিশন কত হবে?

(ক) ৯,০০০ ● ১০,০০০
(গ) ৯৯,০০০ (ঘ) ১,০০,০০০

১০১. নির্দিষ্ট হারে লভ্যাংশ পায়না কোন ধরনের অংশীদার?

(ক) সঞ্চয়ী অগ্রাধিকার ● সাধারণ শেয়ার
(গ) পরিশোধ্য অগ্রাধিকার (ঘ) বিলম্বিত দাবিযুক্ত

১০২. কোন ধরনের শেয়ারের মূল্য ফেরতযোগ্য?

(ক) বিলম্বিত দাবিযুক্ত শেয়ার (খ) বোনাস শেয়ার
(গ) সাধারণ শেয়ার ● অগ্রাধিকার শেয়ার

১০৩. অধিহারে শেয়ার ইস্যুর ফলে-
i. মোট সম্পদ বৃদ্ধি পায়
ii. শেয়ার অধিহার বৃদ্ধি পায়
iii. শেয়ার মূলধন বৃদ্ধি পায়
নিচের কোনটি সঠিক?

● i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

১০৪. প্রারম্ভিক মজুদ পণ্যের মূল্য বেশি দেখানোর প্রভাব হলো-
i. বিক্রীত পণ্যের ব্যয় বেশি হবে
ii. নিট মুনাফা কম হবে
iii. চলতি দায়ের পরিমাণ বেশি হবে
নিচের কোনটি সঠিক?

● i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

১০৫. ১৫টি চেয়ারের উৎপাদন ব্যয় ১৮,০০০ টাকা। যদি কোম্পানি বিক্রয়মূল্যের ওপর ২০% মুনাফা করতে চায় তবে প্রতিটি চেয়ারের বিক্রয়মূল্য কত হবে?

(ক) ৮৬০ (খ) ১,২০০
(গ) ১,৪৪০ ● ১,৫০০

১০৬. যদি পণ্যের দাম ক্রমহ্রাসমান হয় তাহলে মজুদ পণ্য মূল্যায়নে কোন পদ্ধতি উপযোগী?

(ক) LIFO ● FIFO
(গ) সরল গড় (ঘ) ভারযুক্ত গড়

১০৭. বিন কার্ডে উল্লেখ থাকে-
i. মালের আগমন
ii. মালের নির্গমন
iii. মালের মূল্য
নিচের কোনটি সঠিক?

● i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

১০৮. অংশীদারদের স্বার্থসংশ্লিষ্ট দেনাপাওনা দ্বারা যে মূলধন হ্রাস-বৃদ্ধি পায়না তাকে কী বলে?

(ক) প্রারম্ভিক মূলধন (খ) চলতি মূলধন
● স্থায়ী মূলধন (ঘ) পরিবর্তনশীল মূলধন

১০৯. নাবালক অংশীদারকে বলে-

● সীমাবদ্ধ অংশীদার (খ) নিষ্ক্রীয় অংশীদার
(গ) প্রতিবন্ধী অংশীদার (ঘ) কর্মী অংশীদার

১১০. ঋণ পরিশোধ ক্ষমতা নির্দেশক অনুপাত কোনটি?

(ক) মজুদ আবর্তন অনুপাত (খ) চলতি অনুপাত
(গ) সম্পদ আবর্তন অনুপাত ● দায়-সম্পত্তি অনুপাত

১১১. নিচের কোনটি রূপান্তর ব্যয়?

(ক) প্রত্যক্ষ মাল + প্রত্যক্ষ শ্রম
● প্রত্যক্ষ শ্রম + কারখানা উপরিব্যয়
(গ) মুখ্য ব্যয় + কারখানা উপরিব্যয়
(ঘ) প্রত্যক্ষ মাল + প্রত্যক্ষ শ্রম + প্রত্যক্ষ খরচ

১১২. অনাদায়ী পাওনা সৃষ্টির কারণ হতে পারে-
i. দেনাদারের মৃত্যু
ii. দেনাদারের দেউলিয়া
iii. ব্যবসায়ের বিক্রয় হ্রাস
নিচের কোনটি সঠিক?

● i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

স্যাট একাডেমি

১১৩. চলতি সম্পদ ২,৪০,০০০ টাকা। চলতি অনুপাত ৩ : ১ । চলতি দায় কত টাকা?

- (ক) ৬০,০০০
- (খ) ৮০,০০০ ●
- (গ) ১,৬০,০০০
- (ঘ) ২,৪০,০০০

১১৪. ত্বরিত অনুপাতের ক্ষেত্রে প্রযোজ্য-

i. চলতি সম্পদ - সমাপনী মজুদ - অগ্রিম ব্যয়
ii. চলতি দায় + ব্যাংক জমা
iii. চলতি দায় - ব্যাংক জমাতিরিক্ত

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii
- (খ) i ও iii
- (গ) ii ও iii ●
- (ঘ) i ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও

কাঁচামালের প্রারম্ভিক মজুদ প্রতি কেজি ১৫ টাকা দরে ২০০ কেজি। ১৬ টাকা দরে ২৫০ কেজি ক্রয় এবং ২২৫ কেজি ইস্যু। কোম্পানি FIFO পদ্ধতিতে মাল ইস্যু করে।

১১৫. FIFO পদ্ধতিতে ইস্যু করলে ইস্যুকৃত মালের মূল্য হবে-

- (ক) ৩,০০০
- (খ) ৩,২০০
- (গ) ৩,৪০০ ●
- (ঘ) ৪,০০০

১১৬. সমাপনী মজুদের মূল্য কত?

- (ক) ৩,২০০ টাকা
- (খ) ৩,৪০০ টাকা
- (গ) ৩,৬০০ টাকা ●
- (ঘ) ৪,০০০ টাকা

উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও

সাকিব ট্রেডার্স-এর উৎপাদন সংক্রান্ত তথ্যাবলি হলো:
কারখানা ব্যয় ৭০,০০০ টাকা; প্রত্যক্ষ মজুরি ১০,০০০ টাকা; উৎপাদন উপরিব্যয় ২০,০০০ টাকা।

১১৭. রূপান্তরিত ব্যয়ের পরিমাণ কত টাকা?

- (ক) ৩০,০০০ টাকা ●
- (খ) ২০,০০০ টাকা
- (গ) ১২,০০০ টাকা
- (ঘ) ১০,০০০ টাকা

১১৮. ব্যবহৃত কাঁচামাল ব্যয়ের পরিমাণ কত টাকা?

- (ক) ৮২,০০০ টাকা
- (খ) ৬০,০০০ টাকা
- (গ) ৫৮,০০০ টাকা
- (ঘ) ৪০,০০০ টাকা ●

উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও

ইমান কোম্পানি লি. ২০২০ সালের জানুয়ারি ১ তারিখে ১০ টাকা মূল্যের ২,৫০,০০০ শেয়ারে নিবন্ধিত হয়। কোম্পানি প্রতি শেয়ার ১০% অবহারে ১,৫০,০০০ শেয়ার জনসাধারণের নিকট বিক্রয়ের জন্য প্রচারপত্র বিলি করেন। ইস্যুকৃত শেয়ারগুলো যথারীতি বণ্টন করা হলো।

১১৯. শেয়ার অবহারের পরিমাণ কত?

- (ক) ৭০,০০০ টাকা
- (খ) ১,৫০,০০০ টাকা ●
- (গ) ২,৫০,০০০ টাকা
- (ঘ) ৪,০০,০০০ টাকা

১২০. শেয়ার অবহারের ফলে কোম্পানির-

i. চলতি সম্পদ হ্রাস পাবে
ii. মূলধনীয় ক্ষতি বৃদ্ধি পাবে
iii. মালিকানা স্বত্ব প্রভাবিত হবে

নিচের কোনটি সঠিক?

- (ক) i
- (খ) ii ●
- (গ) iii
- (ঘ) i ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও

ন্যাশনাল লি.-এর ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত আর্থিক বিবরণী হতে নিচের তথ্যগুলো পাওয়া গেল- প্রদেয় হিসাব ৩০,০০০ টাকা; সমাপনী মজুদ পণ্য ৩৫,০০০ টাকা; প্রদেয় ভাড়া ২০,০০০ টাকা; প্রাপ্য হিসাব ১৫,০০০ টাকা; শেয়ার মূলধন ১,০০,০০০ টাকা; খুচরা যন্ত্রাংশ ২০,০০০ টাকা; অদাবিকৃত লভ্যাংশ ১০,০০০ টাকা ও দালানকোঠা ৯০,০০০ টাকা। বিক্রয় ৫,০০,০০০ টাকা। প্রতিষ্ঠানটি বিক্রীত দ্রব্যের ব্যয়ের ওপর ২৫% মুনাফা করে থাকে।

১২১. চলতি মূলধনের পরিমাণ কত?

- (ক) ১০,০০০ টাকা ●
- (খ) ৩০,০০০ টাকা
- (গ) ৬০,০০০ টাকা
- (ঘ) ৯০,০০০ টাকা

১২২. মোট লাভ অনুপাত কত?

- (ক) ১০%
- (খ) ২০% ●
- (গ) ২৫%
- (ঘ) ৩৫%

উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও

A ও B সমঅংশীদার হিসাবে জানুয়ারি ১, ২০১৪ তারিখে যথাক্রমে ৩,০০০ টাকা ও ৪,০০০ টাকা মূলধন নিয়ে ব্যবসায় আরম্ভ করে। ২০১৪ সালে তাদের লাভ ছিল ৬০০ টাকা; উত্তোলন ছিল: A ১৫০ টাকা ও B ১০০ টাকা। মূলধনের ওপর সুদ ৫%। ২০১৫ সালে তারা লাভ-ক্ষতির হার ২: ১ করলেও অন্য কোনো পরিবর্তন করে নি। ২০১৫-এ কারবারে লাভ হয় ২,৪০০ টাকা এবং উত্তোলন ছিল: A ১,০০০ টাকা ও ৪ ৫০০ টাকা। মূলধনের ওপর আগের হারে সুদ ধরা হয়, তবে তা ছিল ২০১৪ সালের সমাপনী জেরের ওপর।

স্যাট একাডেমি

১২৩. ডিসেম্বর ৩১, ২০১৫ তারিখে A ও B-এর মূলধনের জের কত টাকা?

(ক) ৩,৪৫০ ও ৪,৫০০ (খ) ৩,৩০০ ও ৪,৪০০
(গ) ৫,০৬৫ ও ৪,৯২০ **(ঘ) ৪,০৬৫ ও ৪,৯২০**

১২৪. ডিসেম্বর ৩১, ২০১৪ তারিখে A ও B-এর মূলধনের জের কত টাকা?

(ক) ৩,৩০০ ও ৪,৪০০ (খ) ৩,৪৫০ ও ৪,৫০০
(গ) ৪,০৬৫ ও ৪,৯২০ (ঘ) ৪,০৬৫ ও ৫,০২০

উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও

স্কয়ার ফার্মা লি.-এর একটি নতুন ঔষধের উৎপাদনের জন্য মুখ্য ব্যয় ৬,৩০,০০০ টাকা; মোট কারখানা উপরিব্যয় ১,৭০,০০০ টাকা; বিক্রয় ও বিতরণ উপরিব্যয় ১,০০,০০০ টাকা এবং প্রশাসনিক উপরিব্যয় ৯০,০০০ টাকা। বিক্রয়ের ওপর লাভের হার ২৫%।

১২৫. স্কয়ার ফার্মার নতুন ঔষধটির বিক্রয়মূল্য কত?

(ক) ১২,৩৭,৫০০ টাকা (খ) ১৩,০০,০০০ টাকা
(গ) ১৩,২০,০০০ টাকা (ঘ) ১৩,৩৯,৯৬৭ টাকা

১২৬. যদি নতুন উৎপাদিত ঔষধটির পণ্য ব্যয় ১০% বৃদ্ধি পায়, তবে প্রভাবিত উপাদান হচ্ছে-

i. মুখ্য ব্যয় ৬৩,০০০ টাকা বৃদ্ধি পাবে
ii. কারখানা উপরিব্যয় ১৭,০০০ টাকা বৃদ্ধি পাবে
iii. মোট উৎপাদন ব্যয় ৯৯,০০০ টাকা বৃদ্ধি পাবে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও

'X' লি.-এর অনুমোদিত মূলধন প্রতিটি ১০ টাকা মূল্যের শেয়ারে বিভক্ত মোট ২০,০০,০০০ টাকা। কোম্পানি উহার তিন-পঞ্চমাংশ শেয়ার অধিহারে পূর্ণ পরিশোধিত হারে বিক্রয় করে ১৩,২০,০০০ টাকা সংগ্রহ করে।

১২৭. 'X' লি. মোট কত শেয়ার বিক্রয় করে?

(ক) ২,০০,০০০ **(খ) ১,২০,০০০**
(গ) ১,০০,০০০ (ঘ) ৮০,০০০

১২৮. 'X' লি.-এর শেয়ারপ্রতি অধিহার কত টাকা?

(ক) ১.০০ টাকা (খ) ১.২০ টাকা
(গ) ১.৫০ টাকা (ঘ) ২.০০ টাকা

উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও

X ফার্মা লি.-এর একটি নতুন ঔষধের উৎপাদনের জন্য মুখ্য ব্যয় ৬,৩০,০০০ টাকা, কারখানা উপরিব্যয় ১,৭০,০০০ টাকা, বিক্রয় ও বিতরণ উপরিব্যয় ১,০০,০০০ টাকা এবং প্রশাসনিক উপরিব্যয় ৯০,০০০ টাকা। বিক্রয়ের ওপর লাভের হার ২৫%।

১২৯. x ফার্মার নতুন ঔষধটির বিক্রয়মূল্য কত?

(ক) ১২,৩৭,৫০০ টাকা (খ) ১৩,০০,০০০ টাকা
(গ) ১৩,২০,০০০ টাকা (ঘ) ১৩,৯১,৯৬৭ টাকা

১৩০. যদি নতুন উৎপাদিত ঔষধটির পণ্য ব্যয় ১০% বৃদ্ধি পায়, তবে প্রভাবিত উপাদান হচ্ছে-

i. মুখ্য ব্যয় ৬৩,০০০ টাকা বৃদ্ধি পাবে
ii. কারখানা উপরিব্যয় ১৭,০০০ টাকা বৃদ্ধি পাবে
iii. মোট উৎপাদন ব্যয় ৯৯,০০০ টাকা বৃদ্ধি পাবে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও

লামিয়া ট্রেডার্স-এর ২০২০ সালের ডিসেম্বর মাসের কয়েকটি লেনদেন নিম্নরূপ:

২০২০
ডিসে. ১ প্রারম্ভিক মজুদ ২,৫০০ একক, প্রতি একক ২০ টাকা।
" ১৩ ক্রয় ১,৫০০ একক, প্রতি একক ২২ টাকা।
" ২১ ক্রয় ২,৮০০ একক।
" ৩১ ক্রয় ১,২০০ একক, প্রতি একক ১৮ টাকা।

১৩১. FIFO পদ্ধতিতে মাস শেষে মজুদ পণ্যের মূল্য কত?

(ক) ২১,৬০০ টাকা (খ) ২৬,৪০০ টাকা
(গ) ৪৫,৬০০ টাকা **(ঘ) ৪৮,০০০ টাকা**

১৩২. ভারযুক্ত গড় পদ্ধতিতে ২১ ডিসেম্বর তারিখে ইস্যুকৃত প্রতি একক পণ্যের মূল্য কত?

(ক) ২০.০০ টাকা **(খ) ২০.৭৫ টাকা**
(গ) ২১.০০ টাকা (ঘ) ২২.০০ টাকা

উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও

A ও B একটি ব্যবসায়ের দুইজন অংশীদার। তাদের মুনাফা বণ্টনের অনুপাত ৩: ২। ২০২০ সালে B-এর মাসিক বেতন ২,৫০০ টাকা হারে ধার্য করার পূর্ববর্তী নিট মুনাফা ছিল ৭৫,০০০ টাকা। তারা $\frac{১}{৫}$ অংশ হারে মুনাফা প্রদানের শর্তে C কে নতুন অংশীদার হিসেবে গ্রহণ করে।

স্যাট একাডেমি

১৩৩. B-এর মুনাফার পরিমাণ কত?

(ক) ১৮,০০০ টাকা (খ) ২৪,০০০ টাকা
(গ) ৩০,০০০ টাকা (ঘ) ৪২,০০০ টাকা

১৩৪. A, B ও C-এর নতুন মুনাফা বণ্টন অনুপাত কত?

(ক) ৫ : ৮ : ১২ (খ) ৮ : ১২ : ৫
(গ) ১২ : ৮ : ৫ (ঘ) ১২ : ৫ : ৮

উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও

শরীফ লি.-এর প্রারম্ভিক মজুদ ৪,৫০,০০০ টাকা, সমাপনী মজুদ ৩,৫০,০০০ টাকা, পণ্য ক্রয় ১১,০০,০০০ টাকা, মোট লাভ ২,৮০,০০০ টাকা।

১৩৫. বিক্রীত পণ্যের ব্যয় কত?

(ক) ১৫,৫০,০০০ টাকা (খ) ১৪,৫০,০০০ টাকা
(গ) ১৩,৮০,০০০ টাকা **(ঘ) ১২,০০,০০০ টাকা**

১৩৬. মজুদ আবর্তন অনুপাত কত?

(ক) ২.১৭ বার **(খ) ৩.০০ বার**
(গ) ৩.৪৩ বার (ঘ) ৩.৪৫ বার

উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও

যমুনা লি. ১০% অবহারে প্রতিটি ১০ টাকা মূল্যের ২০,০০০ শেয়ার ইস্যু করে। ৩০,০০০ শেয়ারের আবেদন পাওয়া গেল। ২০,০০০ শেয়ার যথারীতি বণ্টিত হলো এবং অতিরিক্ত আবেদনের টাকা ফেরত দেওয়া হলো।

১৩৭. আদায়কৃত মূলধনের পরিমাণ কত টাকা?

(ক) ২,০০,০০০ টাকা (খ) ১,৮০,০০০ টাকা
(গ) ১,৭৮,০০০ টাকা (ঘ) ১,৬০,০০০ টাকা

১৩৮. শেয়ার বাট্টার পরিমাণ কত টাকা?

(ক) ২০,০০০ টাকা (খ) ৪০,০০০ টাকা
(গ) ৮০,০০০ টাকা (ঘ) ১,০০,০০০ টাকা

উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও

একটি অংশীদারি ব্যবসায়ের বণ্টনযোগ্য মুনাফা ৯০,০০০ টাকা। তাদের লাভ-লোকসান অনুপাত হচ্ছে $\frac{১}{২} : \frac{১}{৩} : \frac{১}{৬}$

১৩৯. ২য় অংশীদারের মুনাফার অংশ কত টাকা?

(ক) ১৫,০০০ **(খ) ৩০,০০০**
(গ) ৪৫,০০০ (ঘ) ৬০,০০০

উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও

জনাব করিম মার্চ ১, ২০২৪ তারিখে প্রতিটি ২০ টাকা দরে ২০০ একক পণ্য ক্রয় করেন। মার্চ ৭ তারিখে আরও ৩০০ একক পণ্য ৩০ টাকা দরে ক্রয় করেন। ৩১ মার্চ তারিখে ২৫০ একক পণ্য ইস্যু করেন।

১৪০. ভারযুক্ত গড় পদ্ধতিতে একক প্রতি মূল্য কত?

(ক) ২০ টাকা (খ) ২৫ টাকা
(গ) ২৬ টাকা (ঘ) ৩০ টাকা

১৪১. FIFO পদ্ধতিতে ইস্যুকৃত পণ্যের মূল্য কত?

(ক) ৫,০০০ টাকা **(খ) ৫,৫০০ টাকা**
(গ) ৬,২০০ টাকা (ঘ) ৭,৫০০ টাকা

উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও

আয়ান লিমিটেডের অনুমোদিত মূলধন ৫০,০০০ টাকা। প্রতি শেয়ার ১০ টাকা করে ৫,০০০ শেয়ারে বিভক্ত। কোম্পানি ৫% অবহারে ৩,৫০০ শেয়ার ইস্যু করে।

১৪২. কোম্পানির মোট আদায়কৃত মূলধন কত?

(ক) ৫০,০০০ (খ) ৪৭,৫০০
(গ) ৩৫,০০০ (ঘ) ৩৩,২৫০

উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও

নিহা, মিতা ও ফারিন একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। কারবারের লাভ-লোকসানের $\frac{১}{২}$ অংশ নিহা, $\frac{১}{৩}$ অংশ মিতা এবং $\frac{১}{৬}$ অংশ ফারিন পায়। নিহা ও মিতা যৌথভাবে ফারিনকে এই মর্মে নিশ্চয়তা প্রদান করেছে যে, ফারিন লাভের অংশ বাবদ কমপক্ষে ২৫,০০০ টাকা পাবে। বছর শেষে কারবারের লাভের পরিমাণ দাঁড়ায় ১,২০,০০০ টাকা।

১৪৩. নিহা, মিতা ও ফারিনের লাভ-ক্ষতি বণ্টন অনুপাত কত?

(ক) ২ : ৩ : ৬ (খ) ৬ : ৩ : ২
(গ) ১ : ২ : ৩ **(ঘ) ৩ : ২ : ১**

১৪৪. ফারিনের নিশ্চয়তার অর্থ ঠিক রাখতে নিহাকে কত টাকা ছাড় দিতে হবে।

(ক) ২,০০০ টাকা (খ) ২,৫০০ টাকা
(গ) ৩,০০০ টাকা (ঘ) ৫,০০০ টাকা

উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও

বর্ষা লি: এর ব্যবহৃত কাঁচামালের পরিমাণ ৭০,০০০ টাকা, প্রত্যক্ষ মজুরি ৫০,০০০ টাকা, কারখানা ভাড়া ৩০,০০০ টাকা, সুদ ব্যয় ৫,০০০ টাকা ও অফিস উপরিব্যয় ৫,০০০ টাকা।

স্যাট একাডেমি

১৪৫. কারখানা ব্যয় বা উৎপাদন ব্যয় (আধুনিক পদ্ধতি) কত?

ক ১,২০,০০০ খ ১,২৫,০০০
গ ১,৫০,০০০ ঘ ১,৫৫,০০০

১৪৬. বর্ষা লি: যদি বিক্রয়মূল্যের ওপর ২০% মুনাফা চার্জ করে তবে মুনাফার পরিমাণ কত টাকা?

ক ৩৮,৭৫০ খ ৪০,০০০
গ ৪২,০০০ ঘ ৪৫,০০০

উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও

শালিমার ট্রেডার্সের আর্থিক বিবরণী নিম্নরূপ:
মোট লাভ ৮০,০০০, নিট লাভ ৩০,০০০, দেনাদার ৪০,০০০, বিক্রয় ২,০০,০০০।

১৪৭. দেনাদার আবর্তন অনুপাত কত?

ক ৩ বার খ ৪ বার
গ ৪.৫ বার ঘ ৫ বার

১৪৮. মোট লাভের হার কত?

ক ৪০% খ ৪২%
গ ৪৫% ঘ ৪৮%

উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও

কায়নাত লি. এর প্রারম্ভিক মজুদ ৫০,০০০ টাকা, পণ্য ক্রয় ১,৫০,০০০ টাকা, সমাপনী মজুদ পণ্য ৬০,০০০ টাকা, মজুরি ১০,০০০ টাকা এবং মোট লাভ বিক্রীত পণ্যের ব্যয়ের ২০%।

১৪৯. বিক্রীত পণ্যের ব্যয় কত?

ক ১,২০,০০০ খ ১,৩০,০০০
গ ১,৪০,০০০ ঘ ১,৫০,০০০

১৫০. মোট বিক্রয়ের পরিমাণ কত?

ক ১,৫০,০০০ খ ১,৭৫,০০০
গ ১,৮০,০০০ ঘ ১,৯৫,০০০

✨ **ধন্যবাদ!** ✨

কোন প্রশ্নের বানান বা উত্তর ভুল থাকলে রিপোর্ট করুন | *Thank you for reading!*

আরও দেখুন: **sattacademy.com**

⚠ Sattacademy -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দন্ডনীয় অপরাধ

sattacademy.com | +880 1306 446390